বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.২০০.৫০.০৭৫.২১-৪৮৪

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্টের (MCQ Type) আসন ব্যবস্থা, সময়সূচি ও পরীক্ষা পরিচালনার নির্দেশনা**

৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্ট (MCQ Type) যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আগামী ২৯.১০.২০২১ তারিখ, শুক্রবার, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে নিম্নলিখিত সময়সূচি এবং আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে:

## ১.০ সময়সূচি এবং পরীক্ষা পরিচালনার জরুরি নির্দেশনা

| তারিখ ও দিন | সময় ও পূর্ণ নম্বর | সময়সূচি | প্রার্থীদের করণীয় |
|---|---|---|---|
| ২৯.১০.২০২১ [শুক্রবার] | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১২.০০ মিনিট পর্যন্ত<br><br>পূর্ণ নম্বর: ২০০ | সকাল ৮.৩০-৯.২৫ মিনিট | প্রার্থীরা নির্ধারিত পরীক্ষা হলে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। পরীক্ষার হলে প্রবেশের সময় প্রার্থীদের অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, মাস্ক ছাড়া কোন প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না। |
| | | সকাল ৯.৩০-৯.৫৫ মিনিট | প্রার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের ৪টি সেট থাকবে, যেমন সেট # ১, ২, ৩ এবং ৪। প্রার্থীরা উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। প্রার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের ওপর খুলে রাখতে হবে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সাথে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| | | সকাল ১০.০০ মিনিট | প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রেরও ৪টি সেট থাকবে, যেমন সেট # ১, ২, ৩ এবং ৪। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে সে সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে প্রার্থীরা উত্তরদান শুরু করবেন। |
| | | দুপুর ১২.০০ মিনিট | পরীক্ষা শেষ হবে। প্রার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর প্রার্থীরা স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রেখে ধীরে ধীরে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রার্থীরা প্রশ্নপত্র সাথে নিয়ে যাবেন। |

## ২.০ পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা

২.১ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

২.২ প্রতিটি উত্তরপত্রে সেট নম্বরের নির্ধারিত স্থানে সেট নম্বর এবং সেট নম্বরের জন্য নিচের সংশ্লিষ্ট বৃত্তটি মুদ্রিত থাকবে। কাজেই প্রার্থীদের উত্তরপত্রে সেট নম্বর লেখা এবং সেট নম্বরের বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। সকাল ১০.০০ মিনিটে প্রশ্নপত্র প্রাপ্তির পর প্রার্থী তার প্রশ্নপত্রের সেট নম্বর এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন কিনা তা চেক করে নিশ্চিত হবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সাথে সাথে পরিদর্শককে অবহিত করতে হবে।

২.৩ প্রবেশপত্রের নিচে মুদ্রিত নির্দেশনা অতি মনোযোগের সাথে পড়ে অনুসরণ করতে হবে।

২.৪ প্রশ্নপত্র বিতরণের পর [সকাল ১০.০০ মিনিট] কোন প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত [দুপুর ১২.০০ মিনিট] কোন প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

২.৫ পরীক্ষা কক্ষে পরিদর্শকবৃন্দ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং জাতীয় পরিচয়পত্র [প্রয়োজনে] পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম ঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। কোন প্রার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের গরমিলসহ কোনরূপ অনিয়ম ধরা পড়লে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৬ পরীক্ষায় অসদুপায় প্রতিরোধকল্পে প্রার্থীদের নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো:

২.৬.১ পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। বর্ণিত নিষিদ্ধ সামগ্রীসহ কোন প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।

২.৬.২ পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্য দিয়ে প্রার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।

২.৬.৩ পরীক্ষার দিন উল্লেখিত নিষিদ্ধ সামগ্রী সাথে না আনার জন্য সকল প্রার্থীর মোবাইল ফোনে এস.এম.এস. প্রেরণ করা হবে। এস.এম.এস. বার্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।

২.৬.৪ পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পূর্বাহ্নে কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

২.৭ কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধান অনুসরণে ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তির ৩১.১ নম্বর অনুচ্ছেদের শর্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য কমিশনের শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

২.৮ প্রার্থীদের কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন বিবেচনা করা হবে না।

২.৯ অনলাইন আবেদনপত্রে [BPC Form-1] প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তির ৮.০ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে প্রার্থীকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞপ্তির ৮.০ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞপ্তির ৩৪.২ ও ৩৪.৪ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর [substantive] ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

২.১০ ৪৩তম বি.সি.এস. পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্টের [MCQ Type] OMR উত্তরপত্রের ২টি অংশ থাকবে। প্রথম অংশে প্রার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, সেট নম্বর এবং স্বাক্ষরের স্থান থাকবে। দ্বিতীয় অংশে ২০০ (দুইশত)টি উত্তর প্রদানের জন্য ১-২০০ পর্যন্ত ক্রম অনুযায়ী বৃত্তসমূহ থাকবে।